# WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2023-24

## BNGADSE02T-BENGALI (DSE1/2)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মুচিরাম গুড়ের জীবনচরিত' গ্রন্থে প্রচ্ছন্ন পরিহাস এবং সরসতার যে পরিচয় পাওয়া যায়, তা নিজের ভাষায় লেখো। ১০

অথবা

একটি সর্ব অর্থে অপমানিত ঔপনিবেশিক পরিস্থিতিতেও মুচিরাম গুড়ের সুযোগ সন্ধানী মনোবৃত্তি কীভাবে তাকে সাফল্যের সীমানায় পৌঁছে দিল, সে বিষয়ে লেখো। ১০

২। 'ধর্ম' ও 'মোক্ষ' বিবেকানন্দের সমন্বয়ী ভাবনায় যে উদার, ব্যাপ্ত রূপ পরিগ্রহ করেছে — 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থ অবলম্বনে সংশ্লিষ্ট বিষয় দুটির প্রেক্ষিতে তার পরিচয় দাও। ১০

অথবা

'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থে গদ্যভাষার সাবলীলতার গুণে প্রবন্ধের বিষয়বস্তু অনায়াসেই পাঠকের মনোযোগ আকর্ষণ করে। — আলোচনা করো। ১০

৩। মুখ্যত সাহিত্য ও কাব্যের উদ্দেশ্য ও তাৎপর্য যে আনন্দ লাভ, — 'পঞ্চভূত'-এর 'কাব্যের তাৎপর্য' রচনায় তা কীভাবে প্রতিভাত হয়েছে সে বিষয়ে তোমার অভিমত দাও। ১০

অথবা

মুক্তি শৃঙ্খলার পারম্পর্য ও সামঞ্জস্য বিধানের নৈপুণ্যে 'পঞ্চভূত' প্রবন্ধ সংকলনের 'নরনারী' রচনাটির বিশিষ্টতা ব্যাখ্যা করো। ১০

৪। 'বিশুদ্ধরূপে নাবালক সেব্য' ও একই সঙ্গে 'বুদ্ধির পরিণতিক্রমে ইঙ্গিতের গভীরতা'-সমন্বিত শিশুপাঠ্য আলোচনায় ঋদ্ধ বুদ্ধদেব বসুর 'বাংলা শিশুসাহিত্য'-এর বিশিষ্টতার দিকগুলি সম্পর্কে লেখো। ১০

অথবা

"আরো একটি কারণে কৃত্তিবাস যথেষ্ট নন, বাল্মীকির সঙ্গে সাক্ষাৎ পরিচয় আমাদের প্রয়োজন।" — উভয়ের রামায়ণের তুলনামূলক আলোচনায় প্রাবন্ধিক যে যুক্তিগুলি দিয়েছেন প্রবন্ধ অনুসরণে তার পরিচয় দাও। ১০

৫। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০

(ক) 'হোম সাহেবের কিছুমাত্র দোষ নাই। দেশী, বিদেশী সকল মনুষ্যই এইরূপ।' — কোন্ প্রসঙ্গে এই মন্তব্যের অবতারণা ? হোম সাহেবের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+২

(খ) 'সকল দেশেই কাপড়ে চোপড়ে কিছু না কিছু ভদ্রতা লেগে থাকে।' — পৃথিবীর বিভিন্ন জাতির বেশভূষা সম্পর্কে উক্ত মন্তব্যকে প্রাবন্ধিক কীভাবে সমর্থন করেছেন তা ব্যাখ্যা করো। ৫

(গ) 'দিব্য হৃষ্টপুষ্ট, নিশ্চিন্ত, প্রফুল্লচিত্ত। উপযুক্ত সারপ্রাপ্ত পর্যাপ্ত পল্লবপূর্ণ মসৃণ চিক্কণ কাঁঠাল গাছটির মতো।' — কার সম্পর্কে এই উক্তি ? মন্তব্যটির নিহিত ব্যঞ্জনা পরিস্ফুট করো। ৫

(ঘ) "কেউ-কেউ স্বভাবতই স্বভাবকবি, আবার কোনো-কোনো সময়ে সাহিত্যের অবস্থার ফলেই স্বভাবকবি তৈরি হয়ে থাকে।" — কোন্ প্রবন্ধের অন্তর্গত ? উদ্ধৃতিটি উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

——×——